ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৫০১

সোনামুড়া, ২ মে, ২০২৫

**মনারচক পঞ্চায়েতে কৃষকদের বিভিন্ন সহায়তা**

গত অর্থবছরে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের পক্ষ থেকে কাঁঠালিয়া ব্লকের মনারচক পঞ্চায়েত এলাকায় কৃষকদের বিভিন্ন সহায়তা প্রদান করা হয়েছে। ২ জন কৃষককে পুকুর খনন করে দেওয়া হয়েছে। ব্যয় হয়েছে ৩ লক্ষ ৬০ হাজার টাকা। মিশন ফর ইন্টিগ্রেটেড ডেভেলপমেন্ট অফ হর্টিকালচার প্রকল্পে ১ জন কৃষককে ভার্মি কম্পোষ্ট সার উৎপাদনে সহায়তা করা হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ৫০ হাজার টাকা। দুইজন সুবিধাভোগীকে পাওয়ার টিলার প্রদান করা হয়েছে। এক্ষেত্রে প্রতি সুবিধাভোগী পিছু ২ লক্ষ ২৬ হাজার টাকা করে ব্যয় হয়েছে। ৭ জন সুবিধাভোগীকে উইডার মেশিন দেওয়া হয়েছে। এক্ষেত্রে ব্যয় হয়েছে ৫ হাজার ৬০০ টাকা। এছাড়া প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের পক্ষ থেকে পঞ্চায়েত এলাকার পাঁচজন সুবিধাভোগীকে গো খাদ্য দিয়ে সহায়তা করা হয়েছে। ব্যয় হয়েছে ৪ হাজার ৮০০ টাকা। ১৭ জন সুবিধাভোগীকে পোল্ট্রি স্কিমে সহায়তা করা হয়েছে। এর জন্য সুবিধাভোগী পিছু ১ হাজার ৩০০ টাকা ব্যয় হয়েছে। মৎস্য দপ্তরের পক্ষ থেকে একজন সুবিধাভোগীকে বাইসাইকেল দেওয়া হয়েছে। ব্যয় হয়েছে ৪ হাজার টাকা। একজন সুবিধাভোগীকে আইস বক্স দেওয়া হয়েছে। ব্যয় হয়েছে ৪০০০ টাকা। তিনজনকে পুরানো জলাশয় সংস্কার করে দেওয়া হয়েছে। ব্যয় হয়েছে ১ লক্ষ ৪৮ হাজার টাকা। প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনায় পাঁচজন সুবিধাভোগীকে সহায়তা করা হয়েছে। প্রতি সুবিধাভোগী পিছু ১২ হাজার টাকা ব্যয় করা হয়েছে। এমজিএন রেগা প্রকল্পে দুইজন সুবিধাভোগীকে নতুন পুকুর খননে সহায়তা করা হয়েছে। ব্যয় হয়েছে ১ লক্ষ ৩৪ হাজার টাকা। মনারচক গ্রামপঞ্চায়েত কার্যালয় থেকে এই তথ্য জানানো হয়েছে।

******